দৈনিক ইত্তেফাক

তারিখ 30 JAN 2008
পৃষ্ঠা ১২ কলাম ৩

34
Report

# রাঙ্গামাটিতে ভর্তি পরীক্ষায় অকৃতকার্য শিক্ষার্থীদের নিয়ে অভিভাবকরা বিপাকে

॥ রাঙ্গামাটি সংবাদদাতা ॥

রাঙ্গামাটি ২টি সরকারি বিদ্যালয়সহ কিছু নামিদামি মাধ্যমিক বিদ্যালয়ের ভর্তি পরীক্ষায় অকৃতকার্য শিক্ষার্থীদের নিয়ে বিপাকে পড়েছে অভিভাবকরা। আসন সংখ্যার চেয়ে ভর্তি ইচ্ছুক পরীক্ষার্থীর সংখ্যা বেশী হওয়ায় স্কুল গুলোর সীমিত আসনে অসংখ্য ছাত্র-ছাত্রী ভর্তি হওয়ার সুযোগ থেকে বঞ্চিত হয়েছে। পার্বত্য জেলা খাগড়াছড়িতেও একই পরিস্থিতির শীকার হতে হয়েছে শিক্ষার্থীদের।

রাঙ্গামাটিতে ভালো মানের স্কুল বলতে রাঙ্গামাটি সরকারি উচ্চ বিদ্যালয় ও রাঙ্গামাটি সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়। ৩য় শ্রেণী থেকে ৯ম শ্রেণী পর্যন্ত এ দুটি স্কুলে ছাত্র-ছাত্রী ভর্তি হওয়ার জন্য অত্যধিক চাপ থাকে। আসন সংখ্যা সীমিত থাকায় ভর্তি পরীক্ষায় অনেক শিক্ষার্থীকে বাদ পড়তে হয়। ফলে সরকারি স্কুলে ভর্তি হওয়ার সুযোগ না পেয়ে এসব শিক্ষার্থীদের বেসরকারি স্কুল গুলোতে ভর্তি হতে হচ্ছে।